# নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পাবনা পওর বিভাগ,বাপাউবো,পাবনা'র দপ্তরে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১৪-০১-২০১৮ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : নির্বাহী প্রকৌশলী, পাবনা পওর বিভাগ,বাপাউবো, পাবনা।

তারিখ : ১৪-০১-২০১৮। সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

স্থান : নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পাবনা পওর বিভাগ, বাপাউবো, পাবনা।

গত ১৪-০১-২০১৮ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় নির্বাহী প্রকৌশলী, পাবনা পওর বিভাগ,বাপাউবো, পাবনা এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বোর্ড সচিবালয়ের উপ-পরিচালক জনাব এস, এম, হুমায়ুন কবীর। এছাড়া অন্যান্য উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সন্নিবেশিত হলো।

<u>আলোচনাঃ-</u>

সভার শুরুতে সভাপতি শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে সভা শুরু করেন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল নিয়ে সভায় উপস্থিত সদস্যদের সাথে বিস্তারিত আলোচনা করার জন্য অনুরোধ করেন।

সভার বিশেষ অতিথি বোর্ড সচিবালয়ের উপ-পরিচালক, জনাব এস, এম, হুমায়ুন কবীর প্রথমে গত ০৩-০১-২০১৮ খ্রিঃ তারিখে সমাপ্ত উন্নয়ন মেলায় পানি উন্নয়ন বোর্ড, পাবনা বিষয় বস্তু উপস্থাপনায় ৩য় পুরস্কার পাওয়ায় পানি উন্নয়ন বোর্ড, পাবনা পরিবারকে ধন্যবাদ জানান এবং গত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন। তিনি দূর্নীতিমুক্ত সমাজ গড়ার গুরুত্বের কথা বলতে গিয়ে জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধানে ১১ বার দূর্নীতিমুক্ত সমাজ গড়ার কথা বলা হয়েছে। সেবা প্রত্যাশিরা যাতে সেবার ব্যাপারে জানতে পারে সেজন্য সিটিজেন চার্টার বাহিরে দৃষ্টিগোচর হয় এমন স্থানে ঝুলানোর কথা বলেন। তিনি অবহিত করেন যে, খুব শিঘ্রই পানি উন্নয়ন বোর্ড, পাবনাসহ সারা দেশে কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি ও কর্মস্থল ত্যাগ মনিটরিং করার জন্য Finger Print এর আওতায় আসবে। কর্মস্থলে উপস্থিতি হয়ে একজন কর্মচারী যেন ঠিকমত কাজ করে এজন্য তাকে নিয়মিত motivate করতে হবে। উদাহরন হিসেবে তিনি ভুটানের GNH (Gross National Happiness) ইনডেক্সের কথা বলেন। তিনি APA (Annual Apprisal Agreement) এর সঠিক বাস্তবায়নের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করেন। এছাড়া তিনি ই-ফাইল সেবা, ট্রেনিং, অডিট আপত্তি নিস্পত্তি, গনশুনানী ও সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করনের ব্যাপারে গুরুত্ব আরোপ করেন।

সভার সদস্য নির্বাহী প্রকৌশলী, যান্ত্রিক পওর বিভাগ, বাপাউবো, পাবনা জনাব আহম্মদ উল্লাহ ব্যক্তি পর্যায় ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে শুদ্ধাচারের কৌশল আলোচনা করেন এবং সবাইকে নিয়ম মেনে কাজ করার আহ্বান জানান। তিনি উল্লেখ করেন যে, যেহেতু পানি উন্নয়ন বোর্ডে সবাইকে একটি স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়, কাজেই প্রত্যেক কর্মচারী তাঁর পদে যথেষ্ট যোগ্যতাসম্পন্ন বলে ধরে নেওয়া যায়, সেহেতু প্রত্যেক কর্মচারী জাতীয় শুদ্ধাচার কৌশলের সকল নিয়ম মেনে কাজ করার সামর্থ্য রাখে বলে তিনি দৃঢ় অঙ্গিকার ব্যক্ত করেন।

সভার সদস্য উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা পওর বিভাগ, বাপাউবো, পাবনা জনাব এস, এম, আহসান হাবীব জানান ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচারের কৌশল সকলে জানলেও প্রাতিষ্ঠানিক পর্যায়ে শুদ্ধাচারের কৌশল সবাইকে জানার আহ্বান জানান। তিনি । গত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন নিয়ে বিশদ আলোচনা করেন।

সভায় উপস্থিত সহকারী পরিচালক, পাবনা পওর সার্কেল, বাপাউবো, পাবনা মোঃ আঃ ছাত্তার জানান যে, সঠিক ভাবে শুদ্ধাচার কৌশল অবলম্বন করতে গিয়ে অনেক সময় বেগ পেতে হয় এবং এ ব্যাপারে তিনি কিছু আইন সংশোধনের কথাও উল্লেখ করেন।

পরিশেষে সভার সভাপতি, নির্বাহী প্রকৌশলী, পাবনা পওর বিভাগ, বাপাউবো, পাবনা জনাব কে, এম, জহুরুল হক তাঁর বক্তব্যের শুরুতে গত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ও সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে আলোচনা করেন। গত নৈতিকতা কমিটির

সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন। পরবর্তীতে তিনি নৈতিকতা শব্দের ব্যাপকতাসহ পানি উন্নয়ন বোর্ডের ইতিহাস ও পূর্ববর্তী সময়ে পানি উন্নয়ন বোর্ডের কর্মকান্ড তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, সময়ের সাথে সাথে নিজেদের অভিজ্ঞতা ও জ্ঞান বাড়াতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে। পুরাতন ধ্যান ধারনা আগলে ধরে রাখা উচিত হবেনা। তিনি বলেন যে, যেহেতু জনগনের টাকায় আমাদের বেতন হয়, কাজেই প্রজাতন্ত্রের একজন কর্মচারী হিসেবে আইন মেনে সকলকে আমাদের সেবা প্রদানসহ তথ্য প্রদান করতে হবে।

সর্বশেষ সভার সভাপতি, সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানদের উদ্দেশ্য জানান যে, আলোচনা মোতাবেক গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সোনার বাংলা গড়ার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের জন্য সার্বাত্নক পদক্ষেপ গ্রহনের জন্য অনুরোধসহ কর্মপরিকল্পনা মোতাবেক নৈতিকতা কমিটির সভা নিয়ম অনুযায়ী অনুষ্ঠানের ব্যবস্থা করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল দপ্তরকে প্রদান করার জন্য নির্দেশ প্রদান করেন। একই সাথে স্বচ্ছতা ও জবাব দিহীতা নিশ্চিত কল্পে প্রতি সপ্তাহে গনশুনানী প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্যও নির্দেশ প্রদান করেন। এতদসংক্রান্ত বিষয়ে আরও কোন জিজ্ঞাসা থাকেলে বোর্ড সচিব ও ফোকাল পয়েন্ট এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করেন।

সভায় গৃহীত সিদ্ধান্ত ঃ-

১। সিটিজেন চার্টার প্রদর্শন করে জনগনকে বাপাউবো'র কার্যক্রম ও সেবা সম্বন্ধে ধারনা দিতে হবে।
২। এ বছরের APA (Annual Performance Agreement) এর সঠিক বাস্তবায়ন করতে হবে।
৩। পূর্ববর্তী সভাসমূহে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় সকলকে ধন্যবাদ এবং বাংলাদেশে উন্নয়নের গতিকে আরও ত্বরান্বিত করার জন্য প্রতিটি কর্মকর্তা ও কর্মচারীর নৈতিকতাকে আরও উন্নত করার আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

Haque ১৫/০১/১৮

(কে, এম, জহুরুল হক)
নির্বাহী প্রকৌশলী
পাবনা পওর বিভাগ
বাপাউবো, পাবনা।
আই,ডি নং ঃ ৬৫০৩০১০০৩
টেলিফোন নং ঃ ০৭৩১-৬৫৮১৬
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পাবনা জেলা

স্মারক নং ঃ জি-১৮/৫৭/১(৭)

তারিখঃ ১৫-০১-২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলো। (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
২। সচিব, বোর্ড সচিবালয়, ওয়াপদা ভবন (৩য় তলা) মতিঝিল বা/এ ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল, বাপাউবো, পাবনা।
৪। নির্বাহী প্রকৌশলী, কৈটোলা নির্মান/ উত্তরাঞ্চল পরিমাপ/ পাবনা যান্ত্রিক/ বেড়া পওর বিভাগ, বাপাউবো, পাবনা।
৫। উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা পওর উপ-বিভাগ, বাপাউবো, পাবনা।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পাবনা।

15/01/18
SDE

Haque ১৫/০১/১৮

নির্বাহী প্রকৌশলী
পাবনা পওর বিভাগ
বাপাউবো, পাবনা।

১৪-০১-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পাবনা পওর বিভাগ, বাপাউবো, পাবনা'র দপ্তরে নৈতিকতা কমিটির সভায় হাজিরা বিবরণী।

| ক্রঃ নং | নাম ও পদবী | দপ্তর | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | কে,এম, জহুরুল হক<br>নির্বাহী প্রকৌ: পওর | পাবনা পওর বিভাগ, বাপাউবো | ০১৭১১৬৬৬৯৬৬ | [signature] ১৪/০১/১৮ |
| ২ | এস, এম, আহসান হাবিব<br>উপ-বিভাগীয় প্রকৌশলী | পাবনা পওর উপ-বিভাগ, বাপাউবো | 01933208773 | [signature] 14/01/18 |
| ৩ | এম, এম, রবিউল ইসলাম<br>হিসাবরক্ষক | আঞ্চলিক হিসাব কেন্দ্র পাউবো, পাবনা। | ০১৭১২৬৮৮৬৯৭ | [signature] ১৪/১/১৮ |
| ৪. | এস.এম. হুমায়ুন কবীর | উপপরিচালক [illegible], ঢাকা | ০১৭৫৮১০১৯৪০ | [signature] ১৪/১/১৮ |
| ৫. | মোসা: কোহিনুর আক্তার<br>SAE/ আঞ্চলিক | পাবনা যান্ত্রিক পওর বিভাগ পাবনা | ০১৭৫৪-০০৯০৮৬ | [signature] ১৪/০১/১৮ |
| ৬. | মো: [illegible] হোসেন<br>[illegible] | পাবনা পওর বিভাগ, পাবনা। | ০১৭১২-০০৪২৬৬ | [signature] ১৪/১/১৮ |
| ৭. | মোহাঃ আবদুল মান্নান<br>S.A.E / S.O | পাবনা পওর বিভাগ বাপাউবো, পাবনা। | ০১৭১১-৫০৫৮৭৫ | [signature] ১৪/০১/১৮ |
| ৮ | মোঃ [illegible]<br>সহকারী [illegible] | [illegible] পাউবো, পাবনা | ০১৭৫৬৭৭০১৯৫২ | [signature] ১৪/০১/২০১৮ইং |
| ৯. | এ.কে.এম মোশাররফ হোসেন<br>সহকারী হিসাবরক্ষক | আঞ্চলিক হিসাব কেন্দ্র পাউবো, পাবনা | ০১৭৬১ ২৮১২৮৭ | [signature] ১৪/১/১৮ |
| ১০. | মো: উসমান গনি<br>[illegible] | উপ-প্রধান সম্প্র: কর্মকর্তার দপ্তর পাউবো, পাবনা | ০১৭১৫-২০৪৬২০ | [signature] ১৪/০১/১৮ |
| ১১. | মো: হারুন অর রশিদ<br>উপ-সহকারী প্রকৌশলী | পাবনা পওর বিভাগ বাপাউবো, পাবনা | 01993-160203 | [signature] ১৪/০১/১৮ |
| ১২. | মো: সফিকুল ইসলাম মজনু<br>উপ-সহকারী প্রকৌশলী | পাবনা পওর বিভাগ বাপাউবো, পাবনা | 01798-785780 | [signature] |
| ১৩. | মাহেজাবিন নুরে জাহান<br>উপ সহকারী প্রকৌশলী | পাবনা পওর সার্কেল পাউবো, পাবনা | 01737-668069 | [signature] |
| ১৪ | মো: আল আমিন হোসেন<br>উপসহকারী প্রকৌশলী | পাবনা, পওর বিভাগ বাপাউবো, পাবনা। | 01731426041 | আল আমিন |
| ১৫ | মো: শামসুর রহমান<br>উপ-সহকারী প্রকৌশলী | পাবনা পওর বিভাগ বাপাউবো, পাবনা | ০১৭৩২-৪৫৮৫৬৬ | শামসুর রহমান ১৪/০১/২০১৮ |

১৮-০১-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পাবনা পওর বিভাগ, বাপাউবো, পাবনা'র দপ্তরে নৈতিকতা কমিটির সভায় হাজিরা বিবরণী।

| ক্রঃ নং | নাম ও পদবী | দপ্তর | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৬ | প্রকৌঃ আহম্মদ উল্লাহ<br>নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) | পাবনা যান্ত্রিক<br>পওর বিভাগ | ০১৭১২২৭৮৪৪৮<br>xen_mech@yahoo.com | [signature] ২৪/০১/১৮ |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |